গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কপ ৫৩৬২২৩১

# "সমঝোতা স্মারক"

**FVO ( Flag Vessel Ordinance )** অনুযায়ী BSC এর প্রাপ্য Home Port Privilege বাংলাদেশী মালিকানাধীন জাহাজ কোম্পানীকে প্রদান।

**তারিখঃ ১৪ জুন, ২০১৮ খ্রিঃ**

**বাংলাদেশ শিপিং কর্পোরেশন (BSC)**

**এবং**

BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED

এই দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক নিম্নে বর্ণিত দুই পক্ষের জন্য প্রযোজ্য হবে :

যেখানে,

**বাংলাদেশ শিপিং কর্পোরেশন (BSC),**
একটি সংবিধিবদ্ধ সংস্থা যা ১৯৭২ সালে রাষ্ট্রপতির ১০ নং আদেশ বলে প্রতিষ্ঠিত।
যার নিবন্ধিত ঠিকানা –বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম - ৪১০০, বাংলাদেশ
**(১ম পক্ষ হিসেবে গন্য হবে)**

এবং

BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED
একটি শিপিং কোম্পানী যারা সামুদ্রিক জাহাজের মাধ্যমে বাল্ক/কন্টেইনার কার্গো পরিবহনে নিয়োজিত,
যার নিবন্ধিত ঠিকানা –KABIR MANZIL, SK MUJIB ROAD, AGRABAD, CHITTAGONG-4100, BANGLADESH
**(২য় পক্ষ হিসেবে গন্য হবে)**

১। **ভূমিকাঃ** বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠালগ্ন থেকে আর্ন্তজাতিক নৌ-বাণিজ্য সেক্টরে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদানের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়ন সাধন করে আসছে। দীর্ঘদিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৳১০০ ৳১০০
একশত টাকা
Brave Royal Ship Management (BD) Limited BRSML



৫৩৬২২৩২

ক্রুড ওয়েল লাইটারেজের নিমিত্ত শুধুমাত্র ডিওজে-৭ এ বার্থ করে থাকে। জাতীয় পতাকাবাহী রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে FVO (Flag Vessel Ordinance) অনুযায়ী চট্টগ্রাম বন্দরে কেবলমাত্র বিএসসির জন্য ১টি নির্ধারিত বার্থ জেটি সংরক্ষিত রয়েছে৷ সাধারণ পণ্যবাহী জাহাজ বহরে না থাকায় BSC এর প্রাপ্য এই Home Port Privilege এর অধীনে সাধারণ পণ্য লোডিং আনালোডিং বার্থিং সুবিধা বিএসসি বর্তমানে ভোগ করছে না। বিএসসির প্রাপ্য উক্ত সুবিধা বাংলাদেশী মালিকানাধীন জাহাজ কোম্পানীকে প্রদান করে বিএসসি আর্থিকভাবে লাভবান হতে পারে।

অপরপক্ষে, BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন সামুদ্রিক জাহাজ দ্বারা সাধারণ পণ্য/কন্টেইনার পরিবহণ করে আর্থিকভাবে লাভবান হওয়ার মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়নে ভুমিকা রাখছে। বাংলাদেশী মালিকানাধীন এ জাহাজ কোম্পানী BSC এর প্রাপ্য Home Port Privilege পেলে বাংলাদেশের আমদানী রপ্তানীতে গতির সঞ্চার হবে। বিএসসির এই Home Port Privilege বাংলাদেশী মালিকানাধীন জাহাজ কোম্পানীকে প্রদান করা হলে বাংলাদেশের শিপিং সেক্টরের উন্নয়নে উভয়েই অবদান রাখতে সক্ষম হবে পাশাপাশি পারস্পরিক স্বার্থে সুদৃঢ় ব্যবসায়ীক সম্পর্ক গড়ে তুলতে এ সমঝোতা স্মারক।

২। <u>উভয় পক্ষের সম্মতিতে গৃহীত শর্তাবলীঃ</u>

(ক) এই সমঝোতা স্মারক (গড়ট) এর মাধ্যমে চবক এর সার্কুলার ২/৮৫, তারিখ ১৪.০২.১৯৮৫, অনুচ্ছেদ ২(৯) এ বর্ণিত BSC এর অনুকূলে প্রাপ্য বার্থ BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন এর নিজস্ব জাহাজ সমূহ ব্যবহার করতে পারবে৷

(খ) বন্দরে BSC এর জাহাজ থাকা অবস্থায় BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন এর জাহাজ উপরোক্ত বার্থের সুবিধা পাবে না৷

(গ) BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন জাহাজ এই বার্থ ব্যবহার কালীন যদি BSC জাহাজ চট্টগ্রাম বন্দরে আগমন করে, তবে BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন এর জাহাজ বিএসসির প্রয়োজনে (এমনকি কার্গো বোঝাই/ খালাস কাজ সম্পূর্ণ না হলেও ) অনতিবিলম্বে বার্থ খালি করে দিতে বাধ্য থাকবে৷

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা



কপ ৫৩৬২২৩৩

(ঘ) BSC এর মনোনীত বার্থ ব্যবহারের জন্য BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন প্রতিদিন এবং প্রতি ভগ্নাংশ দিনের জন্য ৫২০.০০ মার্কিন ডলার (ইউ এস ডি পাঁচশত বিশ) মাত্র অথবা এর সমপরিমান বাংলাদেশী মুদ্রায় (ঐ দিনের সোনালী ব্যাংক রেটে) টাকা BSC কে প্রদান করবে।

(ঙ) BSC ও BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন এর স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) এর মেয়াদ চলাকালীন Home Port Privilege ব্যবহার এর চার্জসমুহের বৃদ্ধি বা হ্রাস ঘটিবে না। তবে এই সমঝোতা স্মারক (MoU) এর নবায়নের সময় উভয়ের সম্মতিতে ঐড়সব Port Privilege ব্যবহার এর চার্জসমুহের বৃদ্ধি বা হ্রাস করা যেতে পারে।

(চ) BSC এর প্রাপ্য Home Port Privilege ব্যবহার করে জাহাজ বার্থিং করানোর চার্জসমুহ জাহাজের বার্থিং এর দিন থেকে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন-কে বিএসসির মহাব্যবস্থাপক, কার্গো সুপারভিশন এন্ড অপারেশন বিভাগ এর অনুকুলে পে-অর্ডার / ক্রস চেক এর মাধ্যমে প্রদান করতে হবে। অন্যথায় BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন পরবর্তী জাহাজ বার্থিং সুবিধা প্রাপ্য হবেন না।

(ছ) BSC এর প্রাপ্য Home Port Privilege এর আওতায় BOGSOA এর অন্তর্ভুক্ত সদস্যের একই সময়ে / দিনে একাধিক জাহাজের Berthing Priority, BOGSOA এর জাহাজ সমুহ চবকের Berthing Priority পদ্ধতি অনুসরণ করে বার্থ নির্ধারন করবে।

(জ) BSC এর প্রাপ্য Home Port Privilege ব্যবহারের জন্য BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED শিপিং লাইন -কে বিএসসির মহাব্যবস্থাপক, কার্গো সুপারভিশন এন্ড অপারেশন বিভাগ এর অনুকুলে জামানত হিসেবে ৫০০০.০০ মার্কিন ডলার (ইউ এস ডি পাঁচশত হাজার) মাত্র অথবা এর সমপরিমান বাংলাদেশী মুদ্রায় (ঐ দিনের সোনালী ব্যাংক রেটে) টাকা জমা প্রদান করতে হবে।

(ঝ) এই অপারেশন চলাকালীন ইঝঈ এর পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে সহকারী মহাব্যবস্থাপক, কার্গো সুপারভিশন এন্ড অপারেশন বিভাগ, মোবাইল নম্বরঃ ০১৭১১-৯০৮৫৭৮, ... ROYAL SHIP MANAGEMENT (BD)

(ঞ) এই সমঝোতা স্মারক (MoU) কার্যকর হবে স্বাক্ষরের দিন ও তারিখ হতে এবং দুই পক্ষের অনুমোদিত প্রতিনিধি দ্বারা সম্পাদনের মাধ্যমে যা পরবর্তী ২ (দুই) বছরের জন্য বলবৎ থাকবে। উভয়ের সম্মতিতে এই সময় হ্রাস বা বৃদ্ধি করা যাবে। প্রয়োজনে কোন কারন দর্শানো ব্যতিরেকে উভয় পক্ষই দুই মাসের সময় দিয়ে লিখিত পত্র বিনিময়ের মাধ্যমে এই MoU বাতিল করতে পারবে। লিখিত পত্র স্বশরীরে কিংবা Certified ডাকযোগে উপরোল্লিখিত ঠিকানায় প্রেরণ করতে হবে।

**স্বাক্ষর**

14-06-18

বাংলাদেশ শিপিং কর্পোরেশন **(BSC)** এর পক্ষে,
মহাব্যবস্থাপক (অপারেশন)
ব্যবস্থাপক (অপারেশন) ও চার্টারিং
(Abul Kashem Mahmud)
General Manager
Cargo Supervision & Operation
Bangladesh Shipping Corporation
তারিখঃ ১৪-০৬-২০১৮

*Mohd Mehrul Karim*
Chief Executive Officer
BRAVE ROYAL SHIP MANAGEMENT (BD) LIMITED এর পক্ষে
চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও)
Brave Royal Ship Management (BD) Limited
BRSML
Chittagong
তারিখঃ ১৪-০৬-২০১৮

**স্বাক্ষীঃ**

14.06.18.

০১। সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন)
বিএসসি, চট্টগ্রাম
সহকারী মহাব্যবস্থাপক (সংস্থাপন)
~~প্রশাসন~~ বিভাগ
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম।

অপারেশন

০২। সহকারী মহাব্যবস্থাপক (চার্টারিং)

**স্বাক্ষীঃ**

০১। মহাব্যবস্থাপক অপারেশন ও চার্টারিং

Capt. Md. Golam Mostafa
Marine Superintendent
Operation & Chartering

০২। সহকারী মহা ব্যবস্থাপক অপারেশন ও চার্টারিং